ই-মেইল/জিইপি/বাহক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৫২/১, এস ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

## মূসক অব্যাহতির প্রত্যয়নপত্র

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর. ও নং- ১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি: এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত এবং শতভাগ রপ্তানিমূখী প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত সং সিং লেদার (বিডি) কোম্পানি লিমিটেড, এস এফবি-০৩, ইপিজেড, কুমিল্লা নামীয় প্রতিষ্ঠানকে তাঁদের গত ০৬/০৫/২০২৫ খ্রিঃ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কাজে ব্যবহৃত বিদ্যুৎ মিটার নং-১৫৩৫২২৭৫ ও বিদ্যুৎ মিটার নং-১৫৩৫২২৭৬ এবং বিদ্যুত মিটার নং-১৫৩৫২২৭৯ এর বিলের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্ন বর্ণিত হারে মূসক অব্যাহতির জন্য আদেশ দেয়া হলো।

| নামকরণ কোড/সেবার কোড | পণ্য/সেবার বিবরণ | মূল্য সংযোজন কর অব্যাহতির হার |
|---|---|---|
| S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ১০০ (একশত) শতাংশ |

**শর্তাবলি:**

(ক) এ অব্যাহতির আদেশ মে/২০২৫ মাসের বিল থেকে কার্যকর হবে এবং ফেব্রুয়ারি/২০২৬ মাস পর্যন্ত বহাল থাকবে;

(খ) উল্লিখিত বিদ্যুৎ মিটার আলোচ্য প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত থাকতে হবে এবং প্রতিষ্ঠানের নিবন্ধিত অঙ্গনে/ অফিসে সংস্থাপিত থাকতে হবে;

(গ) প্রতিষ্ঠান সংলগ্ন আবাসিক ভবন ও রেস্ট হাউসে কোন অবস্থাতেই মূসক অব্যাহতির সুযোগ গ্রহণ করা যাবে না;

(ঘ) বর্ণিত বিদ্যুৎ ও গ্যাস সেবা সংশ্লিষ্ট শিল্পে রপ্তানি সহায়ক কাজে ব্যবহৃত হতে হবে;

(ঙ) এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উপরে বর্ণিত সাধারণ আদেশের 'পরিশিষ্ট-ক' এর ছক মোতাবেক সংশ্লিষ্ট দলিলাদিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে;

(চ) প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC-র কপি স্থানীয় মূসক কার্যালয়ে দাখিল করতে হবে;

(ছ) উপর্যুক্ত সাধারণ আদেশের বিধানাবলি যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে।

২। প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত তথ্য ও প্রামাণকের ভিত্তিতে এই প্রত্যয়নপত্র প্রদান করা হলো। পরবর্তী সময়ে উপস্থাপিত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে কিংবা কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে এই অব্যাহতির সুবিধা বাতিলসহ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মো:মাহফুজুল হক ভূঁঞা
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোনঃ ০২-৩৩৪৪৪৮১০১
E-mail: cevccomilla@gmail.com



CamScanner

স্মারক নম্বর: ৪র্থ/এ-১২(৫৫)মূসক/সং সিং লেদার/মূসক অব্যাহতি/কুঃকমিঃ/২০২৫/৩৯৮৫(১-৬) তারিখ: জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৫ জুন ২০২৫

জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২, উত্তর রামপুর (বিশ্বরোড), আহম্মদনগর, কুমিল্লা।

২। নির্বাহী পরিচালক, বেপজা, কুমিল্লা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা, কুমিল্লা।

৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, কুমিল্লা।

৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কমিশনারেট, কুমিল্লা। আপনাকে প্রত্যয়নপত্রটি এ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর সার্কেল, কুমিল্লা। আপনাকে প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC-র কপি দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৬। ব্যবস্থাপনা পরিচালক, সং সিং লেদার (বিডি) কোম্পানি লিমিটেড, এস এফবি-০৩, ইপিজেড, কুমিল্লা

O/C

০৫/০৬/২০২৫

কাজী শারমিন সুলতানা
রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ)
কমিশনারের পক্ষে



CamScanner